**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) স্কুলগুলোতে ভর্তি এবং পরীক্ষার ফি লেনদেনের ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতি গ্রহন করার জন্য অনুরোধ জানিয়েছে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক।**

**(২) রাজ্যের বুদ্ধ ধর্মাবলম্বীরা আজ মহাকঠিন চীবর দান** উৎসব **পালন করেন |**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগাল্যান্ডে ইন্টিগ্রেটেড অ্যাকোয়া পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।**

**(৪) আগামী ১৪ই অক্টোবর থেকে নতুনদিল্লীতে ৩২টি দেশের রাষ্ট্র সংঘের শান্তি রক্ষা বাহিনীর প্রধানদের তিনদিনের কনক্লেভ অনুষ্ঠিত হবে |**

************************************************************************************

**School UPI Payment:**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির স্কুলগুলিতে ভর্তি এবং পরীক্ষার ফি সংগ্রহের জন্য ইউনিফাইড পেমেন্ট ইন্টারফেস (ইউপিআই) গ্রহণ করার অনুরোধ জানিয়েছে। প্রশাসনিক প্রক্রিয়ার আধুনিকীকরণ এবং অভিভাবক ও শিক্ষার্থীদের সুবিধার্থে এই পদক্ষেপ। রাজ্য, কেন্দ্রশাসিত অঞ্চল এবং NCERT, CBSE, KVS, এবং NVS-এর মতো স্বায়ত্তশাসিত সংস্থাগুলির উদ্দেশ্যে এক চিঠিতে, স্কুলে আর্থিক লেনদেন করার জন্য ইউপিআই, মোবাইল ওয়ালেট এবং নেট ব্যাঙ্কিংয়ের মতো ডিজিটাল পেমেন্ট প্ল্যাটফর্মগুলির সুবিধার উপর জোর দিয়েছে৷ ডিজিটাল পেমেন্ট সিস্টেম

গ্রহণের ফলে বহু সুবিধা আসবে, যার মধ্যে রয়েছে স্বচ্ছতা এবং অভিভাবকদের স্কুলে না গিয়ে দূর থেকে অর্থ প্রদান করার ক্ষমতা।

মন্ত্রক বলেছে, নগদের পরিবর্তে ডিজিটাল অর্থ লেনদেন স্কুল প্রশাসনকে আধুনিকীকরণ করবে এবং ২০৪৭ সালের মধ্যে এক নাগরিক-কেন্দ্রিক, ডিজিটাল উন্নত দেশ অর্জনের সরকারের লক্ষ্য স্পর্শ করবে।

*****************************

**Governor:**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন-এর সাথে আজ নতুনদিল্লীতে সৌজন্য সাক্ষাৎ করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু| রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে|

*****************************

**VIKSIT BHARAT BUILDATHAN SPOTLIGHT:**

বিকশিত ভারত বিল্ডাথন-২০২৫-এর আগামীকাল স্পটলাইট পর্ব। সারাদেশের বাছাই করা পড়ুয়াদের সঙ্গে উন্নত ভারতের লক্ষ্যে উদ্ভাবনী পদক্ষেপ, সৃজনশীলতা ও সমস্যা মোকাবিলায় একযোগে আলোচনার আসরে সামিল হবেন কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের বিদ্যালয় শিক্ষা ও সাক্ষরতা বিভাগের পাশাপাশি এই উদ্যোগে সহায়তা করছে নীতিআয়োগের অটল ইনোভেশন মিশন এবং সর্বভারতীয় কারিগরি শিক্ষা পরিষদ। এই আয়োজনে যোগ দিচ্ছে রাজ্যের তিনটি স্কুল। এর অন্যতম উদয়পুর ইংলিশ মিডিয়াম স্কুল। একটি প্রতিবেদন।

###########V/o############

*****************************

**Cibar Dan:**

রাজ্যের বুদ্ধ মন্দিরগুলিতে আজ কঠিন চীবর দান উৎসব পালিত হয়।এই উৎসবে মূলত বৌদ্ধ ভিক্ষুদের ত্রি-চীবর নামে বিশেষ পোশাক দান করা হয়। আগরতলার বেনুবন বুদ্ধ বিহারে অনুষ্ঠিত হচ্ছে মহা কঠিন চীবর দান উৎসব। এদিন মহা চীবর দান উপলক্ষ্যে বিশেষ প্রার্থনা ও পূজার্চনা অনুষ্ঠিত হয়।

*****************************

**Left Front**:

রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে বলে অভিযোগ করেছে রাজ্য বামফ্রন্ট। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে এই অভিযোগ করেন রাজ্য বামফ্রন্টের আহ্বায়ক মানিক দে। রাজ্যে অর্থনৈতিক সংকটও তৈরী হয়েছে বলে তিনি অভিযোগ করেন| এরফলে রেগা ও টুয়েপের শ্রমিকরা পুজোর সময় কাজের মজুরি পায় নি| তিনি আরও অভিযোগ করেন রাজ্যের বিভিন্ন অংশে সিপিআইএম সহ বিরোধী দলের কার্যালয়গুলো আক্রান্ত হচ্ছে| শ্রী দে তাঁর পুরনো নির্বাচনী কেন্দ্র জিরানিয়াতে সামাজিক অনুষ্ঠানে যাওয়ার সময়ও বাঁধার সন্মুখীন হচ্ছেন বলে অভিযোগ করেন| এ ব্যাপারে এলাকার বিধায়ক ও মন্ত্রী এবং রাজ্য পুলিশের মহা নিদের্শককে অবহিত করা হয়েছে বলে তিনি জানান|

সাংবাদিক সম্মেলনে সিপিআইএম নেতা নরেশ জমাতিয়া এস আই আর নিয়ে সংশয় প্রকাশ করে বলেন অবৈধ ভোটারদের নাম বাদ দেওয়ার পরিবর্তে বিরোধী দলের ভোটারদের নাম যেন বাদ না দেওয়া হয়| সাংবাদিক সম্মেলনে সিপিআই রাজ্য সম্পাদক মিলন বৈদ্য, আর এস পি'র রাজ্য সম্পদক দীপক দেব, ফরোয়ার্ড ব্লক নেতা পরেশ সরকার উপস্থিত ছিলেন|

*****************************

**All Tripura Un-organiged Workers:**

কংগ্রেসের অসংগঠিত শ্রমিক সংগঠনের সাধারণ সভা আজ আগরতলার কংগ্রেস ভবনে অনুষ্ঠিত হয়| বৈঠকে রেগা শ্রমিক সহ বিভিন্ন অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের বকেয়া টাকা মিটিয়ে দেওয়ায় দাবি নিয়ে আলোচনা হয়|

*****************************

**New flight from Agartala to Bagdogra:**

রাজ্যের ভ্রমন পিপাসুদের জন্যে সুখবর| আগরতলা থেকে শিলিগুড়ির বাগডোগরার মধ্যে বিমান পরিষেবা চালু হচ্ছে। আজ আগরতলা বিমানবন্দরের সহকারি জেনারেল ম্যানেজার জেম্পু হাকিপ জানান, আগামী ২৬শে অক্টোবর থেকে আগরতলা – বাগডোগরা রুটে বিমান চলাচল শুরু করবে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস। প্রতিদিন ১৮০ আসনের আইএক্স ২৯৫৩ বোয়িং বিমান বিকাল চারটা ত্রিশ মিনিটে বাগডোগরা থেকে ছেড়ে আগরতলায় সন্ধ্যে পাঁচটা চল্লিশ মিনিটে পৌঁছবে।আগরতলা থেকে বিমানটি আইএক্স ২৪৩০ হয়ে সন্ধ্যা ছয়টা দশ মিনিটে ছেড়ে বাগডোগরার পৌঁছবে রাত সাতটা কুড়ি মিনিটে। বিমানবন্দর সূত্রে জানা গেছে, আগরতলা– বাগডোগরা বিমানের টিকিট বুকিংও শুরু হয়েছে। উল্লেখ্য, রাজ্য থেকে প্রতিবছর ভ্রমন পিপাসুরা দার্জিলিং বেড়াতে যান। তাদের জন্য যাতায়তের সুবিধা হবে বাগডোগরা বিমান চলাচল শুরু হওয়ায়।

*****************************

**Detain Pakistani:**

সাব্রুম রেল ষ্টেশনে লুইস নিকাত বানু নাম এক পাকিস্তানি মহিলাকে আটক করা হয়েছে| পুলিশ সদর দপ্তরের এসপি রাজদীপ দেব জানান, গতকাল রাতে সাব্রুম রেল ষ্টেশনে জিআরপি পুলিশ তাকে আটক করেছে। পুলিশ ওই মহিলাকে জিজ্ঞাসাবাদ করছে। প্রাথমিকভাবে তদন্তকারী অফিসারদের ওই মহিলা

জানিয়েছেন, সম্প্রতি নেপালে ছাত্র আন্দোলনের সময় নেপালের জেল থেকে তিনি পালিয়ে ভারতে প্রবেশ করেছিলেন। ঘটনার তদন্ত চলছে বলে শ্রী দেব জানান।

******************************

**PM Poshan/Unakoti:**

পি,এম পোষন যোজনায় ঊনকোটি জেলার ৩১৬ টি বিদ্যালয়ে প্রথম থেকে অষ্টম শ্রেণীতে পাঠরত ছাত্র-ছাত্রীদের দুপুরে রান্না করা খাবার দেওয়া হচ্ছে। এতে উপকৃত হচ্ছে ৩২ হাজার ২৩৭ জন ছাত্র-ছাত্রী, জানিয়েছেন, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার। তিনি জানান, ছাত্র-ছাত্রীদের খিচুড়ি, ডিম তরকারী, ডাল-সব্জী, পায়েস ইত্যাদি দেওয়া হয়ে থাকে।রান্না করা খাবার তৈরির কাজে জেলায় ৮৮৫ জন কুক কাম হেলপার নিয়োজিত রয়েছেন।

******************************

**CPIM-South:**

বীরচন্দ্রমনুতে দুস্কৃতিদের আক্রমনে নিহত সিপিআইএম কর্মীদের শ্রদ্ধার সঙ্গে আজ স্মরণ করা হয়| দক্ষিন জেলার সাব্রুম, বিলোনিয়া ও পতিছড়ির মুড়াসিং পাড়ার অস্হায়ী শহীদ স্মারকে শ্রদ্ধা জানানো হয়| পতিছড়িতে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন সন সিপিআইএম -এর অন্যান্য নেতৃবৃন্দ|

**BJP-South:**

বিজেপি'র উদ্যোগে আজ বীরচন্দ্রমনুতে নিহত দুলাল দেবনাথের স্মরণ সভার আয়োজন করা হয়। এই উপলক্ষে আয়োজিত রক্তদান শিবিরে ৩০ স্বেচ্ছায় রক্তদান করেন। স্মরনসভায় বক্তব্য রাখেন প্রাক্তন সাংসদ রেবতী মোহন ত্রিপুরা, বিজেপি'র প্রদেশ সহ-সভাপতি সুবল ভৌমিক প্রমুখ।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

******************************

**PM-MSY:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়ালি প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার অধীনে নাগাল্যান্ডের মোকোকচুং জেলার তজুডিকং-এ ইন্টিগ্রেটেড অ্যাকোয়া পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এটি হবে নাগাল্যান্ডের প্রথম অ্যাকোয়া পার্ক, যা মৎস্য-সম্পর্কিত উন্নয়নমূলক কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে কাজ করবে। এর মাধ্যমে নতুন জীবিকার সুযোগ তৈরি হবে, শিক্ষিত বেকার যুবকদের ক্ষমতায়ন করবে এবং মৎস্য খাতে টেকসই প্রবৃদ্ধি ঘটাবে।

******************************

**Army Conclave:**

ভারতীয় সেনাবাহিনী জাতিসংঘের শান্তি রক্ষা বাহিনীতে অংশগ্রহণকারী দেশগুলোর (UNTCC) সামরিক প্রধানদের কনক্লেভের আয়োজন করবে। আগামী ১৪ অক্টোবর থেকে তিনদিনের কনক্লেভ নতুন দিল্লিতে অনুষ্ঠিত হবে।

কনক্লেভে জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী ৩২টি দেশের উচ্চপদস্থ সামরিক নেতৃত্ব অংশ নেবে। প্রতিনিধিরা আগামীকাল নতুন দিল্লীতে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে সবচেয়ে বড় অবদানকারী হিসাবে, ভারত - চ্যালেঞ্জ, হুমকি, সর্বোত্তম অনুশীলন ভাগ করে নেওয়া এবং ভবিষ্যতের শান্তিরক্ষায় বোঝাপড়ার বিষয়ে আলোচনার জন্য এই উচ্চ-স্তরের ফোরামের আয়োজন করছে।

******************************

**PM BJP:**

প্রধানমন্ত্রী তথা বর্ষীয়াণ বিজেপি নেতা নরেন্দ্র মোদি  আগামী ১৫ অক্টোবর বিহারের বুথ-স্তরের দলীয় কর্মীদের সাথে মতবিনিময় করবেন। সামাজিক মাধ্যমে, শ্রী মোদি দলীয় কর্মীদের মেরা বুথ সবসে মজবুত প্রচারে যোগ দিতে এবং তাদের পরামর্শ ভাগ করার জন্য অনুরোধ করেছেন।

******************************

**Felicitation:**

ক্রিকেট এবং ফুটবল মাঠে কর্মরত গ্রাউন্ডস্-ম্যানদের সংবর্ধনা জানালো জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাব। সংগঠনের ৬ষ্ঠ প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে আজ আগরতলা প্রেসক্লাবে আয়োজিত অনুষ্ঠানে ৪৫ জনকে সংবর্ধনা দেওয়া হয়। উপস্থিত ছিলেন আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রনব সরকার, বরিষ্ঠ ক্রীড়া সাংবাদিক সরযূ চক্রবর্তী, সম্পাদক রমাকান্ত দে, চিকিৎসক রণবীর রায়, উদ্যোক্তা সংগঠনের সভাপতি সুপ্রভাত দেবনাথ প্রমূখ।

******************************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস।

******************************

******************************